

🗏 আন-নাজম | An-Najm | النَّجْم

আয়াতঃ ৫৩ : ৫১

💵 আরবি মূল আয়াত:

وَ تُمُودَا فَمَا آبِقَى ﴿٥٦﴾

আর সামূদ জাতিকেও। কাউকে তিনি অবশিষ্ট রাখেন নি। — আল-বায়ান
আর সামূদ জাতিকেও, তাদের একজনকেও বাকী রাখেননি। — তাইসিরুল
এবং সামূদ সম্প্রদায়কেও, কেহকেও তিনি বাকী রাখেননি। — মুজিবুর রহমান

And Thamud - and He did not spare [them] - — Sahih International

- ৫১. এবং সামূদ সম্প্রদায়কেও(১); অতঃপর কাউকেও তিনি বাকী রাখেননি—
 - (১) 'আদ' জাতি ছিল পৃথিবীর শক্তিশালী দুর্ধর্যতম জাতি। তাদের দুটি শাখা পর পর প্রথম ও দ্বিতীয় নামে পরিচিত। তাদের প্রতি হুদ আলাইহিস সালাম-কে রাসূলরক্ষপে প্রেরণ করা হয়। অবাধ্যতার কারণে ঝঞ্জা বায়ুর আযাব আসে। ফলে সমগ্র জাতি ধ্বংসপ্রাপ্ত হয়ে যায়। কওমে-নূহের পর তারাই সর্বপ্রথম আযাব দ্বারা ধ্বংসপ্রাপ্ত হয়। ছামুদ সম্প্রদায়ও তাদের অপর শাখা। তাদের প্রতি সালেহ আলাইহিস সালাম-কে প্রেরণ করা হয়। যারা অবাধ্যতা করে, তাদের প্রতি বজ্রনিনাদের আযাব আসে। ফলে তারা হৃদপিও বিদীর্ণ হয়ে মৃত্যুমুখে পতিত হয়। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৫১) এবং সামূদ সম্প্রদায়কেও, সুতরাং কাউকেও তিনি বাকী রাখেননি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4835

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন